# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৪৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৪৮]

পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرَنَا عَلِيُّ بْنُ الْحُسَيْنِ الدِّرْهَمِيُّ، وَإِسْمَاعِيل بْنُ مَسْعُودٍ، قَالَا: حَدَّثَنَا خَالِدٌ، قال: حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ أَبِي سُلَيْمَانَ، عَنْ عطَاءٍ، عَنْ جَابِرٍ، قال: شَهِدْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْخَوْفِ فَقُمْنَا خَلْفَهُ صَفَّيْنِ وَالْعَدُوُّ بَيْنَنَا وَبَيْنَ الْقِبْلَةِ فَكَبَّرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَبَّرْنَا وَرَكَعَ وَرَكَعْنَا وَرَفَعَ وَرَفَعْنَا، فَلَمَّا انْحَدَرَ لِلسُّجُودِ سَجَدَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالَّذِينَ يَلُونَهُ وَقَامَ الصَّفُّ الثَّانِي حِينَ رَفَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالصَّفُّ الَّذِينَ يَلُونَهُ، ثُمَّ سَجَدَ الصَّفُّ الثَّانِي حِينَ رَفَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي أَمْكِنَتِهِمْ، ثُمَّ تَأَخَّرَ الصَّفُّ الَّذِينَ كَانُوا يَلُونَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَتَقَدَّمَ الصَّفُّ الْآخَرُ فَقَامُوا فِي مَقَامِهِمْ وَقَامَ هَؤُلَاءِ فِي مَقَامِ الْآخَرِينَ قِيَامًا، وَرَكَعَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرَكَعْنَا ثُمَّ رَفَعَ وَرَفَعْنَا فَلَمَّا انْحَدَرَ لِلسُّجُودِ سَجَدَ الَّذِينَ يَلُونَهُ وَالْآخَرُونَ قِيَامٌ، فَلَمَّا رَفَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالَّذِينَ يَلُونَهُ سَجَدَ الْآخَرُونَ ثُمَّ سَلَّمَ .

تخريج دارالدعوه: صحيح مسلم/المسافرين ٥٧ (٨٤٠)، (تحفة الأشراف: ٢٤٤١)، وقد أخرجه: سنن ابى داود/الصلاة ٢٨١ (١٢٣٦) تعليقاً، مسند احمد ٣/٢١٩ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1548 _ صحيح

বাংলা

১৫৪৭. ‘আলী ইবনু হুসায়ন আদ দিরহামী ও ইসমাঈল ইবনু মাস্'উদ (রহ.) ..... জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা একবার রসূলুল্লাহ (সা.) -এর সাথে ভয়কালীন সালাতে উপস্থিত ছিলাম। আমরা তার পেছনে দু'

কাতারে দাঁড়িয়ে গেলাম, আর শত্রুবাহিনী আমাদের এবং কিবলার মধ্যবর্তী স্থানে ছিল। তখন রসূলুল্লাহ (সা.) তাকবীর বললেন আর আমরাও তাকবীর বললাম। তিনি রুকূ করলেন আর আমরাও রুকু করলাম। তিনি মাথা উঠালেন আর আমরাও মাথা উঠালাম। যখন তিনি সাজদায় যাওয়ার জন্যে মাথা নিচু করলেন তখন তিনি সাজদাহ্ করলেন এবং তার কাছে যারা ছিল তারাও। আর দ্বিতীয় কাতার দাড়িয়ে থাকলো। যখন তিনি এবং ঐ কাতার যা তার কাছে ছিল মাথা উঠালেন তখন দ্বিতীয় কাতার সাজদাহ্ করল নিজেদের স্থানেই যখন রসূলুল্লাহ (সা.) - মাথা উঠালেন। অতঃপর ঐ কাতার পিছনে সরে গেল, যা নবী (সা.)- এর কাছে ছিল। আর অন্য কাতার আগে বেড়ে গেল এবং তারা তাদের স্থানে দাঁড়িয়ে গেল। আর এরা অন্য গ্রুপের স্থানে যথাযথভাবে দাড়িয়ে গেল। আর নবী (সা.) রুকূ করলেন তো আমরাও রুকূ করলাম। অতঃপর তিনি মাথা উঠালেন তো আমরাও মাথা উঠালাম। আর যখন তিনি সাজদার জন্যে আনত মস্তক হলেন, যারা তাঁর নিকটে ছিল তারাও সাজদাহ্ করল এবং অন্যরা দাড়িয়ে রইল। আর যখন রসূলুল্লাহ (সা.) মাথা উঠালেন এবং তার সাথে যারা ছিল তাঁরাও মাথা উঠালেন, অন্য গ্রুপ সাজদাহ্ করল। তারপর তিনি সালাম ফিরালেন।

## English

It was narrated that Jabir said: We witnessed the fear prayer with the Messenger of Allah (ﷺ). We stood behind him in two rows, and the enemy was between us and the Qiblah. The Messenger of Allah (ﷺ) said the takbir. He bowed and we bowed, and he stood up again and we stood up. When he went down in prostration, the Messenger of Allah (ﷺ) and those who were closest to him prostrated, and the second row remained standing until the Messenger of Allah (ﷺ) and the row closest to him stood up. Then the second row prostrated when the Messenger of Allah (ﷺ) had stood up, where they were. Then the row that had been closest to the Prophet (ﷺ) moved back and the second row moved forward, each standing in the place where the other had been. The Prophet (ﷺ) bowed and we bowed, then he stood up and we stood up, and when he went down in prostration, those who were closest to him prostrated and the others remained standing. When the Messenger of Allah (ﷺ) and those who were closest to him sat up, the others prostrated, then he said the taslim.

### ফুটনোট

সহীহ: মুসলিম ৮৪০, সহীহ আবু দাউদ ১১২৪, ১১৩৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90043

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন